

# যুগান্তর

শেরপুরে শহীদিয়া কামিল মাদ্রাসা

## প্রবেশপত্র বিতরণে টাকা আদায়ের অভিযোগ

প্রকাশ : ০২ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



শেরপুর (বগুড়া) প্রতিনিধি

বগুড়ার শেরপুরে শহীদিয়া কামিল স্নাতকোত্তর মাদ্রাসার আলিম পরীক্ষার্থীদের প্রবেশপত্র নিতে প্রতিষ্ঠানের রশিদ ছাড়াই অতিরিক্ত টাকা নেয়ার অভিযোগ উঠেছে অধ্যক্ষ মো. হাফিজুর রহমানের বিরুদ্ধে। জানা যায়, এই মাদ্রাসার চলতি আলিম পরীক্ষায় ১৯১ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করছে। পরীক্ষার প্রবেশপত্র বিতরণকালে ছাত্রছাত্রীদের কাছ থেকে প্রতিষ্ঠানের রশিদ ছাড়াই সাদাকালো লিখে অতিরিক্ত ৪১০ টাকা করে আদায় করেছে শিক্ষা প্রতিষ্ঠানের পিয়ন আতিকুল ইসলাম ও অফিস সহকারী মুকুল হোসেন। পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত টাকা কেন নেয়া হচ্ছে এমন প্রশ্নে অফিস সহকারী মুকুল হোসেন জানান, বেশি টাকা নেয়ার ব্যাপারে আমরা কিছু বলতে পারব না এটা আমাদের অধ্যক্ষ জানেন। এ সময় পাশে থাকা অফিস পিয়ন স্থানীয় সংসদ সদস্যের আত্মীয় পরিচয়দানকারী আতিকুল ইসলাম ক্ষিপ্ত হয়ে প্রতিবেদককে বলেন, কিসের জন্য টাকা নেয়া হচ্ছে সেটাকি আপনাকে বলতে হবে। এটা আমাদের অফিসিয়াল ব্যাপার। তাছাড়া আপনারা বলার কে? এ ব্যাপারে নাম প্রকাশ্যে অনিচ্ছুক কয়েকজন অভিভাবক বলেন, প্রবেশপত্র নিতে টাকা নেয়া হয় এটা আমরা আগে কখনো শুনিনি। তাছাড়া ফরম ফিলাপের সময় অন্যান্য ফিসহ কেন্দ্র ফি নেয়া হয়েছে বলে আমরা জানি। আসলে এটা কেন্দ্র ফি নাকি অনৈতিক কোনো সুবিধা এটাই আমরা বুঝতে পারছি না।

এ ব্যাপারে শেরপুর শহীদিয়া কামিল স্নাতকোত্তর মাদ্রাসার অধ্যক্ষ মো. হাফিজুর রহমান বলেন, একটা কেন্দ্র চালাতে অনেক খরচ হয়। অনেককেই সম্মানী দিতে হয়। এতো খরচ প্রতিষ্ঠান থেকে দেয়া সম্ভব নয়। তাই বিনা রশিদে পরীক্ষার্থীদের কাছ থেকে গড়ে ৪১০ টাকা করে আদায় করা হচ্ছে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. লিয়াকত আলী শেখ বলেন, বিষয়টি আমি জানি না। আপনার মাধ্যমে জানলাম। খোঁজ-খবর নিয়ে এ ব্যাপারে ব্যবস্থা নেয়া হবে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নজমুল হক বলেন, এভাবে ছাত্রছাত্রীদের কাছ থেকে টাকা নেয়ার নিয়ম নেই।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।